

ই-গোল্ড ভারতীয় আইন লঙ্ঘনকারী : ভারতীয় রিজার্ভ ব্যাংক
২১শে অক্টোবর, ২০০২

ভারতের রিজার্ভ ব্যাংক-এর নজরে এসেছে যে কিছু এজেন্সি/ব্যক্তি জনসাধারণের মধ্যে এই ধারণার জন্ম দেবার চেষ্টা করছে যে “ই-গোল্ড”, একটি ইলেকট্রনিক কারেন্সি বলে ভ্রান্ত ধারণা, মাধ্যমে লেনদেন ভারতবর্ষে সাধারণভাবে প্রচলিত এবং এটি বিদেশী মুদ্রার মান্যতা রাখে। রিজার্ভ ব্যাংক এও লক্ষ্য করেছে যে এই বিষয়ে কিছু পুস্তিকা, খবরের কাগজের সঙ্গে, বিলি করা হয়েছে, যাতে বলা হয়েছে যে অনাবাসী ভারতীয়রা ভারতে টাকা পাঠাতে “ই-গোল্ড” ব্যবহার করেন।

জনসাধারণের অবগতির জন্য রিজার্ভ ব্যাংক পরিষ্কার জানিয়ে দিচ্ছে যে “ই-গোল্ড” কোনও বিদেশের মুদ্রা নয়। যে কোনও লেনদেনে “ই-গোল্ড”এর ব্যবহার বর্তমান ভারতীয় আইন বিরোধী। অতএব, জনসাধারণ, ব্যাংক, মুদ্রা বিনিময়কারী ও অন্যান্য আর্থিক সংস্থালিকে তাদের কোনও লেনদেনে “ই-গোল্ড” মুদ্রা হিসেবে ব্যবহার করার বিরুদ্ধে সতর্ক করে দেওয়া হচ্ছে।

আলপনা কিন্নাওয়াল
জেনারেল ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি: 2002-03/409